দৈনিক ইত্তেফাক

তারিখ 11 FEB 1996
পৃষ্ঠা ৮ কলাম ৪

১০

## ছাত্রী বেতন মওকুফে ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ের ভর্তুকির টাকা উত্তোলনের সময়সীমা বর্ধিত

পল্লী এলাকায় ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রী বেতন মওকুফের ফলে ক্ষতিগ্রস্ত বিদ্যালয়সমূহে ভর্তুকি প্রদানের জন্য গৃহীত 'পৌর এলাকার বাহিরে অবস্থিত সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রীদের ৮ম শ্রেণী পর্যন্ত বেতন মওকুফ' শীর্ষক প্রকল্পটি গত ৩১শে ডিসেম্বর শেষ হইয়াছে। এই প্রকল্পের মাধ্যমে ১৯৯৫-৯৬ অর্থবছরের শেষ কিস্তির ভর্তুকি বাবদ বিদ্যালয়সমূহের বিপরীতে বরাদ্দকৃত টাকা ৩১শে ডিসেম্বর বিদ্যালয়সমূহে, জেলা ও থানা হিসাবরক্ষণ কর্মকর্তার মাধ্যমে বিতরণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা বরাবর ন্যস্ত করা হইয়াছে।

প্রকল্পটির মেয়াদ গত ৩১শে ডিসেম্বর শেষ হইয়াছে বলিয়া শেষ কিস্তির অর্থ ছাড়ের শর্ত অনুযায়ী প্রকল্পের অর্থ ব্যয়ের সময়সীমা ৩১শে ডিসেম্বর পর্যন্ত নির্ধারিত ছিল। সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহ যাহাতে তাহাদের জন্য বরাদ্দকৃত ভর্তুকির টাকা উত্তোলন করিতে পারে সেজন্য সরকার উল্লেখিত প্রকল্পের অর্থ ব্যয়ের সময়সীমা আগামী ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত বর্ধিত করিয়াছে। এই সময়ের পর ভর্তুকি বাবদ বরাদ্দকৃত অর্থ তামাদি হইয়া যাইবে এবং কোনক্রমেই তাহা উত্তোলন করা যাইবে না।

—তথ্য বিবরণী